অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

এখন পর্যন্ত আনুমানিক 11 মিলিয়ন এক্সেলসিয়র পাস ইস্যু করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা, তিনি নিউ ইয়র্কবাসীদেরকে তাদের এক্সেলসিওর পাস প্লাস সংগ্রহ করার কথা মনে করিয়ে দিয়েছেন

এখন পর্যন্ত আনুমানিক 11 মিলিয়ন এক্সেলসিয়র পাস ইস্যু করা হয়েছে, যার মধ্যে 4 মিলিয়নেরও বেশি এক্সেলসিওর পাস প্লাস অন্তর্ভুক্ত রয়েছে

30 জুন থেকে শুরু করে, সবচেয়ে সাম্প্রতিক এবং সবচেয়ে শক্তিশালী টিকা ও পরীক্ষার ক্রেডেনশিয়ালের অপশন হিসেবে, শুধু এক্সেলসিওর পাস প্লাস লভ্য থাকবে, কারণ এক্সেলসিয়র পাস মেয়াদোত্তীর্ণ হয়ে যাবে

নিউ ইয়র্কবাসীদেরকে তাদের এক্সেলসিওর পাস প্লাস বিনামূল্যে এখান থেকে সংগ্রহ করার জন্য উৎসাহিত করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে এখন পর্যন্ত 10.9 মিলিয়নেরও বেশি এক্সেলসিয়র পাস ইস্যু করা হয়েছে। যেহেতু নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণের জন্য দেশের এধরনের প্রথম প্ল্যাটফর্ম প্রতিনিয়ত উন্নত হচ্ছে, এবং যেহেতু মূল এক্সেলসিয়র পাস মেয়াদোত্তীর্ণ হয়ে যাবে, তাই স্টেট নিউ ইয়র্কবাসীদেরকে সবচেয়ে সাম্প্রতিক এবং সবচেয়ে শক্তিশালী পাসের অপশন, এক্সেলসিওর পাস *প্লাস* সংগ্রহ করার কথা মনে করিয়ে দিচ্ছে।

"নিউ ইয়র্কবাসীদের এই চ্যালেঞ্জিং সময়গুলো মোকাবেলা করে এগিয়ে যাওয়ার এই সময়ে, আমাদের স্টেট সাহসী, রূপান্তরমূলক সমাধানগুলো কাজে লাগিয়ে দেশকে নেতৃত্ব দিয়ে যাচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা যাদেরকে সেবা দিয়ে থাকি তাদের চাহিদা আরো ভালোভাবে পূরণ করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক ডিজিটাল প্রযুক্তিকে কাজে লাগানো অব্যাহত রাখবে। আমি আগ্রহী নিউ ইয়র্কবাসীদের সবাইকে আজই তাদের এক্সেলসিওর পাস *প্লাস* সংগ্রহ করার জন্য উৎসাহিত করছি।"

এক্সেলসিওর পাস *প্লাস*—পাসের সবচেয়ে নতুন ও সবচেয়ে বিস্তৃত অপশন—একজন ব্যক্তির কোভিড-19 টিকা গ্রহণের রেকর্ডের একটি নিরাপদ, ডিজিটাল কপি, যেটি একটি রেকর্ড হওয়ার কারণে, মেয়াদোত্তীর্ণ হয় না। নিউ ইয়র্ক স্টেট কর্তৃক উপযুক্ততা যাচাইকৃত এবং বর্তমানে যুক্তরাষ্ট্রের 23টিরও বেশি স্টেট, পুয়ের্তো রিকো, কানাডায় ব্যবহৃত হওয়া উন্মুক্ত,

আন্তঃব্যবহারযোগ্য মানদণ্ড রক্ষা করে নির্মিত হওয়ায় নিউ ইয়র্কবাসীরা তাদের এক্সেলসিওর পাস *প্লাস* এসব স্থানে এবং অন্য যেসব স্থানে স্মার্ট হেলথ কার্ড (SMART Health Cards) গ্রহণ করা হয় সেখানে ব্যবহার করতে পারবেন। এই পাস *প্লাসে* একজন ব্যক্তির বুস্টার বা বাড়তি ডোজের রেকর্ডও অন্তর্ভুক্ত থাকবে, যদি ডোজ গ্রহণের তিন থেকে চার দিনের মধ্যে পাসটি সংগ্রহ করা হয়। এক্সেলসিয়র পাসের মতোই, পরীক্ষার ফলাফল নেগেটিভ আসলে সেটির জন্যেও একটি পাস *প্লাস* লভ্য রয়েছে।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "ঠিক যেমন আপনি আপনার কাগজের CDC টিকার কার্ড বা ড্রাইভিং লাইসেন্স যত্ন করে রাখেন, সেভাবে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর উচিত তাদের এক্সেলসিওর পাস *প্লাস* সংগ্রহ করা ও সঙ্গে রাখা। লোকজনকে তাদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের সরাসরি অ্যাক্সেস প্রদান করাটা তাদেরকে নিজেদের স্বাস্থ্য ও সুস্থতাকে প্রভাবিত করবে এমন সিদ্ধান্তগুলো গ্রহণের ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করার ক্ষমতা দেয়। নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন পর্যায়ের সংস্থাগুলোর মধ্যকার এই চলমান সহযোগিতার সম্পর্ককে আমি সাধুবাদ জানাই, যেখানে জনস্বাস্থ্যের উন্নতির জন্য প্রযুক্তিগত উদ্ভাবনকে ব্যবহার করা হচ্ছে।"

2021 সালের মার্চ মাসে দেশের প্রথম কোভিড-19 ক্রেডেনশিয়াল সিস্টেম হিসেবে চালু হওয়া এক্সেলসিয়র পাস শুরুর দিকে নিউ ইয়র্কবাসীদের তাদের টিকা ও পরীক্ষা সংক্রান্ত তথ্যের সরাসরি অ্যাক্সেস প্রদান করে তাদের ক্ষমতায়ন করার পাশাপাশি নিউ ইয়র্কের অর্থনৈতিক কার্যক্রম পুনরায় শুরু করা ত্বরান্বিত করার জন্য চালু করা হয়েছিল। ফেডারেল ও স্টেট পর্যায়ের নির্দেশনা অনুযায়ী, সব এক্সেলসিয়র ভ্যাকসিনেশন পাস CDC-এর পুরোপুরিভাবে টিকাপ্রাপ্ত হওয়ার সংজ্ঞা পূরণ করেছে। CDC-এর সর্বশেষ নির্দেশনায় যেমনটা বলা হয়েছে, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) যেটি মেনে চলছে, স্টেটের লোকজনের উচিত সব সুপারিশকৃত টিকা গ্রহণ করে হালনাগাদ থাকা। 30 জুন থেকে শুরু করে, এটির রেকর্ড-ভিত্তিক ফরম্যাট ও বাড়তি সক্ষমতা নিয়ে, এক্সেলসিওর পাস *প্লাস* নিউ ইয়র্কবাসীদের জন্য লভ্য একমাত্র পাসের ধরনে পরিণত হবে। এখন পর্যন্ত ইতোমধ্যে সুপ্রতিষ্ঠিত ও ভালোভাবে কাজে লাগানো 4 মিলিয়নেরও বেশি এক্সেলসিওর পাস *প্লাস* ইস্যু করা হয়েছে।

বাজেট বিভাগের (Division of the Budget) ফার্স্ট ডেপুটি ডিরেক্টর সান্ড্রা বিয়েটি বলেন, "দেশের প্রথম কোভিড-19 ক্রেডেনশিয়াল সিস্টেম উন্নয়ন করাটা নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্কবাসীদের জন্য সমানভাবে গুরুত্বপূর্ণ একটি বিষয় ছিল। অ্যাক্সেসযোগ্য, রুচিশীল ইন্টারফেসের মাধ্যমে নিরাপদ, সুরক্ষিত প্রযুক্তি পৌঁছে দেওয়ার কাজটি স্টেট সরকার সম্পন্ন করতে সক্ষম এবং আরো বেশি পরিমাণে করা উচিত। শুরু থেকেই, এক্সেলসিয়র পাস প্ল্যাটফর্ম এবং নিউ ইয়র্ক স্টেট ওয়ালেট অ্যাপ অধিবাসীদের চাহিদার ভিত্তিতে উন্নত করার উদ্দেশ্য নিয়ে নকশা করা হয়েছে, এবং টুলগুলোর উভয়েই প্রতিটি ধাপে সেটি করে আসছে। একটি টেকসই, ডিজিটাল রেকর্ড হিসেবে, এক্সেলসিওর পাস *প্লাস* নিউ ইয়র্কবাসীদেরকে তাদের টিকা গ্রহণ ও পরীক্ষা সংক্রান্ত তথ্য নিজেদের কাছে সংরক্ষণ করার সক্ষমতা দেয় এবং একইসাথে স্টেটকে লোকজনের পরবর্তীতে কোন সমাধানগুলো প্রয়োজন সে বিষয়টি বিবেচনা করার সুযোগ করে দেয় - এবং সামনে আরো সমাধান আসতে যাচ্ছে।"

এক্সেলসিয়র পাস চালু হওয়ার পরে নিউ ইয়র্ক স্টেট ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য এক্সেলসিয়র পাস স্ক্যানার অ্যাপ চালু করেছে। এখন পর্যন্ত, স্ক্যানার অ্যাপটি 215,000 এরও বেশি ডাউনলোড হয়েছে, যা কয়েক লক্ষ ব্যবসা প্রতিষ্ঠান ও সংগঠনে ব্যবহৃত হওয়ার প্রতিনিধিত্ব করে যারা কার্যক্রম পুনরায় চালু করতে সহায়তার জন্য এই টুলটি কাজে লাগিয়েছেন।

2021 সালের আগস্ট মাসে, নিউ ইয়র্ক স্টেট এক্সেলসিওর পাস *প্লাস* চালু করে, যেখানে নিউ ইয়র্কবাসীদের জন্য পাসটির আরো বেশি ব্যবহারের সুযোগ সম্প্রসারণ করা হয়, যেমন ভ্রমণ ও বাণিজ্যিক কাজে ব্যবহারের সুযোগ। একই ধরনের কঠোর নিরাপত্তা ও গোপনীয়তার ফিচার বজায় রেখে, আপডেটকৃত পাস *প্লাস* স্মার্ট হেলথ কার্ডস ফ্রেমওয়ার্ক ব্যবহার করে নির্মিত একটি ডিজিটাল স্বাস্থ্য রেকর্ড হিসেবে নকশা করা হয়েছে। বৈশ্বিকভাবে স্বীকৃত ভ্যাকসিন ক্রেডেনশিয়াল ইনিশিয়েটিভ (Vaccine Credential Initiative)-এর সঙ্গে স্টেটের বিশ্বব্যাপী-প্রসিদ্ধ অংশীদারিত্বে উপর ভিত্তি করে এক্সেলসিওর পাস *প্লাস* নিউ ইয়র্ককে বেশ কিছু শেয়ারকৃত, সমন্বয়পূর্ণ মানদণ্ড উন্নয়নের কাজে নেতৃত্ব দিতে সহায়তা করেছে যেগুলো উন্নয়নের পর থেকে দেশব্যাপী স্টেটগুলো, পুয়ের্তো রিকোর মতো অঞ্চলগুলো এবং কানাডা সহ অন্যান্য দেশ গ্রহণ করে নিয়েছে। নিউ ইয়র্ক স্টেট স্টেটের সীমানা ছাড়িয়ে অন্যান্য স্থানে ক্রেডেনশিয়ালগুলো সামঞ্জস্যপূর্ণ ও গ্রহণযোগ্য হওয়া নিশ্চিত করতে প্রতিটি সত্ত্বার সঙ্গে কাজ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের চিফ টেকনোলজি অফিসার এবং ডেপুটি চিফ ইনফরমেশন অফিসার রাজিভ রাও বলেন, "নিউ ইয়র্ক স্টেট ওয়ালেট অ্যাপ এবং এক্সেলসিয়র পাস সমাধান একটি অধিকতর শক্তিশালী, আরো বেশি স্থিতিশীল ডিজিটাল স্টেটের ভিত গড়ে দিয়েছে এবং অব্যাহতভাবে সেই কাজ করে যাচ্ছে। প্রতিদিন এসব সমাধান কোনো ব্যর্থতা ছাড়াই লোকজনকে সেবা পৌঁছে দিচ্ছে। নিউ ইয়র্কের মহামারী পরবর্তী পুনরুদ্ধারের কথা বিবেচনা করার এই সময়ে, আমাদের অবশ্যই ক্লিনিক্যাল তথ্য এবং সরকারি পরিষেবাগুলো পৌঁছে দেওয়ার ক্ষেত্রে নির্দিষ্ট গণ্ডির বাইরে বের হওয়ার চেষ্টা চালিয়ে যেতে হবে। নিউ ইয়র্ক স্টেটের ভবিষ্যতে শুধু অবকাঠামো থাকলে হবে না, বরং ডিজিটাল অবকাঠামো থাকতে হবে, যা অধিবাসীদের বর্তমান ও উদীয়মান চাহিদাগুলো পূরণে সহায়তার জন্য নির্মিত হবে।"

স্টেটের এক্সেলসিয়র পাস প্ল্যাটফর্মকে উন্নত ও সম্প্রসারণ করা অব্যাহত রাখার এই সময়ে, সামঞ্জস্যপূর্ণ সমাধানগুলোর উন্নয়ন ত্বরান্বিত করার জন্য অন্য স্টেট ও স্বত্ত্বাগুলোকে আরো বেশি সহায়তা প্রদান করা হচ্ছে। 2021 সালের অক্টোবরে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাসের ব্লুপ্রিন্ট লভ্য হওয়ার কথা ঘোষণা করেছিলেন যেটি এক্সেলসিয়র পাস প্ল্যাটফর্ম ও এক্সেলসিয়র পাস *প্লাস* সমাধানের উপর ভিত্তি করে ডিজিটাল স্বাস্থ্য ক্রেডেনশিয়াল প্রণয়নের ক্ষেত্রে অন্য স্টেট ও সরকারগুলোকে সহায়তা করার জন্য দেশের প্রথম ফ্রেমওয়ার্ক।

সব নিউ ইয়র্কবাসী তাদের বিনামূল্যের এক্সেলসিওর পাস *প্লাস* সংগ্রহ করতে epass.ny.gov ঠিকানায় ভিজিট করা উচিত। নিউ ইয়র্কবাসীরা যতগুলো পাসের জন্য উপযুক্ত ততগুলো পাস রাখতে পারবেন, এবং বাবা-মা ও অভিভাবকরা 18 বছরের কম বয়সী সন্তানদের পাসগুলো রাখতে পারবেন। নিউ ইয়র্ক স্টেটের ওয়ালেট অ্যাপ থেকে যেকোনো সময় পাসগুলো মুছে ফেলা যাবে।

নিউ ইয়র্কবাসীরা এক্সেলসিওর পাস *প্লাস* সম্পর্কে এখানে FAQ পৃষ্ঠায় আরো তথ্য জানতে পারবেন।

নিউ ইয়র্ক স্টেটের এক্সেলসিয়র পাস ব্লুপ্রিন্ট ডাউনলোড করতে, এখানে দেওয়া লিংকটিতে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418